42

দৈনিক ইত্তেফাক

তারিখ 16 NOV 1994
পৃষ্ঠা ১০ কলাম ৩

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ ছাত্র ধর্মঘট আহ্বান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বিসিএস শিক্ষা ক্যাডারসহ প্রথম শ্রেণীর সকল সরকারী পদে পাস কোর্সের ২য় শ্রেণীর স্নাতকোত্তর-দের নিয়োগের সুযোগদান ও বিশ্ববিদ্যালয়সমূহে মাষ্টার্স প্রিলিমিনারীতে ভর্তি প্রক্রিয়া চালু রাখার দাবীতে শিক্ষা ও চাকুরীতে বৈষম্য প্রতিরোধ সংগ্রাম পরিষদ আজ (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূর্ণ দিবস ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে। ধর্মঘট সফল করার লক্ষ্যে গতকাল সংগ্রাম পরিষদের উদ্যোগে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। পরিষদের আহ্বায়ক মো: নজরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক আল মামুন মল্লিক, মোশাররফ হোসেন দীপু, সুভাষ চন্দ্র প্রমুখ বক্তৃতা করেন। গত সন্ধ্যায় টিএসসিতে অনুরূপ মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়। একই দাবীতে সংগ্রাম পরিষদ আগামী ২৫শে নভেম্বর জাতীয় প্রেসক্লাবের সম্মুখে সকাল ১০টা হইতে দুপুর ১২টা পর্যন্ত অবস্থান কর্মসূচীশেষে শিক্ষা এবং সংস্থাপন মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করিবে।